প্রথম আলো

জুম দিয়ে কী হবে?

মো. মিন্টু হোসেন

১৯ অক্টোবর ২০১৭, ১৫:২২
আপডেট: ১৯ অক্টোবর ২০১৭, ১৭:২৭

উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য দেন প্রধানমন্ত্রীর তথ্যপ্রযুক্তি-বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়। ছবি: প্রথম আলো

বাংলাদেশে আনুষ্ঠানিকভাবে অর্থ লেনদেনের সেবা পেপ্যালের জুম উদ্বোধন করা হয়েছে। রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আয়োজিত বাংলাদেশ আইসিটি এক্সপোর দ্বিতীয় দিন সকালে এই সেবার উদ্বোধন করেন প্রধানমন্ত্রীর তথ্যপ্রযুক্তি-বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়।

হল অব ফেইমে অনুষ্ঠিত পেপাল-জুম কানেকটিভিটি লঞ্চ ইন বাংলাদেশ অ্যান্ড ফ্রিল্যান্সারস কনফারেন্স শীর্ষক অনুষ্ঠানে সেবাটির উদ্বোধন করা হয়।

অনুষ্ঠানেপ্রধানমন্ত্রীর তথ্যপ্রযুক্তি-বিষয়ক উপদেষ্টা সজীব ওয়াজেদ বলেন, ‘এত দিন প্রবাসীরা বিভিন্ন চ্যানেলে তাদের কষ্টাজিত অর্থ দেশে পাঠাচ্ছেন। এতে যেমন পয়সা খরচ বেশি হচ্ছে, তেমনি বিড়ম্বনার শিকার হচ্ছেন।’

পেপ্যালের জুম সেবা চালুর মাধ্যমে এখন থেকে তাঁরা সহজেই পেপ্যালের অ্যাকাউন্ট থেকে বাংলাদেশে ৪০ মিনিট থেকে দুই ঘন্টার মধ্যে টাকা পাঠাতে পারবেন।

সজীব ওয়াজেদ বলেন, শুরুতে পেপ্যালের জুম সেবার মাধ্যমে বিদেশ থেকে টাকা দেশে পাঠানো যাবে। আমি ব্যক্তিগতভাবে ফ্রিল্যান্সারদের কাছে পেপালের এই সেবা চালু করার অঙ্গীকার করেছিলাম। আজ সেবার উদ্বোধন হলো। যদিও এই সেবা এর মধ্যে চালু হয়েছে। পরীক্ষামূলকভাবে লেনদেনও হয়েছে।

অনুষ্ঠানের সভাপতি জুনাইদ আহমেদ পলক বলেন, যুক্তরাষ্ট্রের প্রবাসীরা তাঁদের পেপ্যাল অ্যাকাউন্ট থেকে সোনালী ব্যাংকের আটটি শাখার মাধ্যমে দেশের অর্থ পাঠাতে পারবেন। এটা আমাদের সফলতার প্রথম ধাপ। ইতিমধ্যে জুমের মাধ্যমে সোনালী ব্যাংকে বিদেশে থেকে আটকোটি টাকার রেমিট্যান্স এসেছে।

বাংলাদেশ ব্যাংকের গর্ভনর ফজলে কবির বলেন, আজ দেশে পেপালের জুম সেবা আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করা হলো। এর মাধ্যমে প্রবাসীরা কম খরচে দ্রুত সময়ে দেশে অর্থ পাঠাতে পারবেন। একইসঙ্গে ফ্রিল্যান্সাররাও তাদের অর্জিত অর্থ দেশে আনতে পারবেন।

সোনালীব্যাংকসহ আটটি ব্যাংকে জুমের টাকা গ্রহণ করা যাবে। শিগগিরেই অন্য ব্যাংকে এ সেবা চালু করার জন্য তিনি আহ্বান জানান।

ডাক ও টেলিযোগাযোগ সম্পকিত সংসদীয় স্থায়ী কমিটির চেয়ারম্যান ইমরান আহমেদ বলেন, ফ্রিল্যান্সারদের অনেক দিনের চাওয়া ছিল পেপাল। আজ পেপালের জুম সেবা চালু হলো। এতে করে দেশে রেমিটেন্স আরো বাড়বে।

আসিটি সচিব সুবির কিশোর চৌধুরী বলেন, সরকারের লার্নিং অ্যান্ড আর্নিং প্রকল্প থেকে ১৩ হাজার তরুণকে ফ্রিল্যান্সিংয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে। তাদের মধ্যে ৮ হাজার তরুণ বিভিন্ন মার্কেটপ্লেসে কাজ করছে। এই ফ্রিল্যান্সারদের অর্থ সহজে দেশে আনার জন্য পেপালের জুম সেবা চালু করা হলো।

অনুষ্ঠানে জানানো হয়, শুরুতে এক হাজার ডলারের কম অর্থ বিদেশ থেকে পাঠাতে খরচ হবে ৪ দশমিক ৯৯ ডলার। কিন্তু এক হাজারের বেশি ডলার বাংলাদেশে প্রেরণ করলে কোনো খরচ দিতে হবে না।

শুধু ফ্রিল্যান্সারারই নয়, এই সেবা ব্যবহার করতে পারবেন সবাই।

পেপ্যাল সেবা চালুর বিষয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক জানান, দীর্ঘদিন ধরেই বাংলাদেশের ফ্রিল্যান্সাররা পেপাল সেবার জন্য অপেক্ষা করেছেন। এর ফলে বাংলাদেশের ফ্রিল্যান্সাররা উপকৃত হবেন। এ ছাড়া রেমিট্যান্স আসার হার বাড়বে। ডিজিটাল ট্রানজেকশন বাড়বে।

বিশ্বের ২০৩টি দেশে পেপ্যাল সেবা চালু আছে। এর মধ্যে ২৯টি দেশে পূর্ণাঙ্গ সেবা ও ১০৩টি দেশে ইনবাউন্ড সেবা চালু আছে। জুম সেবা চালুর ফলে পেপ্যালের অ্যাকাউন্টধারীরা আগে বাংলাদেশে টাকা পাঠাতে পারতেন না। তবে এখন থেকে যুক্তরাষ্ট্রের পেপ্যাল অ্যাকাউন্টধারীরা তাঁদের পেপ্যাল ওয়ালেট ব্যবহার করে প্রতিবার সর্বোচ্চ ১০ হাজার ডলার পাঠাতে পারবেন। প্রতি লেনদেনে এক হাজার ডলার পর্যন্ত পাঠাতে ৪ দশমিক ৯৯ ডলার ফি লাগবে। আর এক হাজার ডলারের বেশি অর্থ পাঠাতে কোনো ফি লাগবে না। সোনালী ব্যাংক, রূপালী ব্যাংক, অগ্রণী ব্যাংক, জনতা ব্যাংক, সোস্যাল ইসলামী ব্যাংক, উত্তরা ব্যাংক, পূবালী ব্যাংক, সিটি ব্যাংক ও ইসলামী ব্যাংকে প্রাথমিকভাবে এই সেবা চালু হচ্ছে।

দেশে জুম সেবা চালু হওয়ায় কি সুবিধা হবে, এমন প্রশ্নের জবাবে ফ্রিল্যান্সার সালাউদ্দিন ইশাদ জানান, যারা যুক্তরাষ্ট্রের বিভিন্ন ক্লায়েন্টের কাজ করেন তাঁরা জুম সেবা দিয়ে দেশের কয়েকটি ব্যাংকে টাকা আনার ক্ষেত্রে সুবিধা পাবেন। কিন্তু যাঁরা পেপাল ব্যবহার করে পেমেন্টে দেবেন বা কাউকে নিয়োগ দেবেন, সে সেবাটি পাবেন না।পূর্ণাঙ্গ পেপ্যাল সেবা চালু করতে পারলে উপকার হত। তবে বিদেশি অর্থ আনার ক্ষেত্রে উপকার পাবেন।

গ্রাফিকস ডিজাইন নিয়ে কাজ করা ফ্রিল্যান্সার সাকিব তার টিম নিয়ে এসেছেন মেলায়। জানালেন, পেপ্যাল-জুম নিয়ে আগ্রহ থেকে ফ্রিল্যান্সিং সম্মলেনে জানতে এসেছিলাম। জুম সেবা সম্পর্কে পুরোপুরি জানতে পারিনি। তবে জুম থেকে অর্থ আনতে সুবিধা হবে বলে আশা করছি। এতদিন স্ক্রিল বা অন্য মাধ্যম দিয়ে টাকা আনতে দুই শতাংশের বেশি খরচ দিতে হচ্ছে। শুনলাম, জুমে এক হাজার ডলারে ৫ ডলারের মতো খরচ হবে। দ্রুত টাকা পাওয়া যাবে। এটি ভালোই হবে।

সাইদুর মামুন খান জানান, জুম সেবা চালুর মাধ্যমে দেশে অর্থ দ্রুত ও সহজে অর্থ আনা যাবে। যদি ওই ক্লায়েন্টের যুক্তরাষ্ট্রে ব্যাংক অ্যাকাউন্ট থাকে। পেপ্যালের মতো বিশেষ ফিচারের সুবিধাগুলো আপাতত এখানে মিলবে না। তবে শুনেছি সরকার জুমের নাকি অনেক ফিচার যোগ করবে।

জুমের ওয়েবসাইটের তথ্য অনুযায়ী, বাংলাদেশসহ ৬৭ টি দেশে তাদের অর্থ স্থানান্তর সেবা চালু রয়েছে। যুক্তরাষ্ট্রের অনলাইন অর্থ প্রেরণের স্বীকৃত মাধ্যম এটি। ২০১৫ সালের ১ জুলাই পেপাল ৮৯০ মিলিয়ন মার্কিন ডলারে জুমকে অধিগ্রহণ করে। ২০01 সালে জুম চালু হয়।

পেপালের পূর্ণাঙ্গ সেবা চালু প্রসঙ্গে সজীব ওয়াজেদ বলেন, বিদেশে অর্থ পাঠাতে বাংলাদেশ ব্যাংকের নীতিমালা রয়েছে। এ জন্য এখনই জুমের মাধ্যমে বিদেশে অর্থ প্রেরণ সম্ভব নয়। বাংলাদেশ অর্থনীতিকভাবে স্বাবলম্বী হলে এ সেবাটিও চালু করা হবে।

প্রথম আলো

পেপ্যালের অ্যাকাউন্ট থেকে দুই ঘণ্টায় টাকা আসবে

নিজস্ব প্রতিবেদক

১৯ অক্টোবর ২০১৭, ১২:৩৩
আপডেট: ১৯ অক্টোবর ২০১৭, ১৪:৩৪

পেপ্যালের পেমেন্ট সার্ভিস জুমের আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করে বক্তব্য দিচ্ছেন প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগপ্রযুক্তি উপদেষ্টা সজীব ওয়াজেদ জয়। ১৯ অক্টোবর, বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র, ঢাকা। ছবি: মিন্টু হোসেন

অনলাইনভিত্তিক জনপ্রিয় অর্থ লেনদেন (পেমেন্ট) কোম্পানি পেপ্যালের পেমেন্ট সার্ভিস জুম বাংলাদেশে আনুষ্ঠানিকভাবে চালু হলো।

আজ বৃহস্পতিবার সকালে রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে প্রধানমন্ত্রীর তথ্য ও যোগাযোগ প্রযুক্তি উপদেষ্টা সজীব ওয়াজেদ জয় 'পেপ্যাল+জুম সার্ভিস অ্যান্ড ফ্রিল্যান্সার কনফারেন্স' শীর্ষক অনুষ্ঠানে এই সেবার উদ্বোধন করেন।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে সজীব ওয়াজেদ জয় বলেন, এত দিন ধরে প্রবাসীরা বিভিন্ন চ্যানেলে তাঁদের কষ্টার্জিত অর্থ দেশে পাঠাচ্ছেন। এতে যেমন পয়সা বেশি খরচ হচ্ছে, তেমনি বিড়ম্বনার শিকারও হচ্ছেন। পেপ্যালের জুম সেবা চালুর মাধ্যমে এখন থেকে তাঁরা সহজেই পেপ্যালের অ্যাকাউন্ট থেকে দুই ঘণ্টার মধ্যে অর্থ দেশে পাঠাতে পারবেন। শুধু ফ্রিল্যান্সাররা নন, প্রবাসীরাও এই সেবা ব্যবহার করতে পারবেন।

সজীব ওয়াজেদ বলেন, ২০১৮ সালের মধ্যে দেশের সব ইউনিয়নকে 'ইনফো সরকার ৩' প্রকল্পের আওতায় ফিক্সড ব্রডব্যান্ডের মধ্যে আনা হবে। এ ছাড়া ইন্টারনেটের দাম প্রতিবছর কমানোর আশ্বাস এবং চলতি বছরের মধ্যে ফোরজি চালুর ঘোষণাও দেন তিনি।

সভাপতির বক্তব্যে তথ্য ও যোগাযোগপ্রযুক্তি প্রতিমন্ত্রী জুনায়েদ আহমেদ পলক বলেন, 'ফ্রিল্যান্সিংয়ে বিশ্বের দ্বিতীয় অবস্থানে রয়েছে বাংলাদেশ। পেপ্যাল সার্ভিসের মাধ্যমে বিদেশ থেকে অর্থ আনার সুযোগ সৃষ্টি করা ফ্রিল্যান্সারদের দীর্ঘদিনের দাবি। এই সেবা উদ্বোধনের মাধ্যমে সেই দাবি পূরণ হলো। বিশ্বের বিভিন্ন দেশের মতো বাংলাদেশেও আপাতত পেপ্যালের জুম সার্ভিসের মাধ্যমে আমাদের ফ্রিল্যান্সার ও প্রবাসী বাংলাদেশিরা অর্থ পাঠাতে (ইনবাউন্ড) পারবেন। তবে দেশ থেকে অর্থ বিদেশে পাঠানো যাবে না। প্রধানমন্ত্রীর আইসিটিবিষয়ক উপদেষ্টার নেতৃত্বে পর্যায়ক্রমে আউটবাউন্ডসহ পরিপূর্ণ পেপ্যাল সেবা চালু করতে আমাদের উদ্যোগ অব্যাহত থাকবে।'

বাংলাদেশ ব্যাংকের গভর্নর ফজলে কবির বলেন, এই সেবা চালুর ফলে বাংলাদেশের পাঁচ লাখ ফ্রিল্যান্সার উপকৃত হবেন।

অনুষ্ঠানে ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়–সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি ইমরান আহমেদ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সচিব সুবীর কিশোর চৌধুরী বক্তব্য দেন।

অনুষ্ঠানে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের লার্নিং অ্যান্ড আর্নিং প্রকল্প থেকে বাছাই করা দুই হাজার ফ্রিল্যান্সার অংশ নেন। তাঁদের মধ্যে ১৬ জনকে অনুষ্ঠানে পুরস্কৃত করা হয়।

বিশ্বের ২০৩টি দেশে পেপ্যাল সেবা চালু আছে। এর মধ্যে ২৯টি দেশে পূর্ণাঙ্গ সেবা ও ১০৩টি দেশে ইনবাউন্ড সেবা চালু আছে। জুম সেবা চালুর ফলে পেপ্যালের অ্যাকাউন্টধারীরা আগে বাংলাদেশে টাকা পাঠাতে পারতেন না। তবে এখন থেকে যুক্তরাষ্ট্রের পেপ্যাল অ্যাকাউন্টধারীরা তাঁদের পেপ্যাল ওয়ালেট ব্যবহার করে প্রতিবার সর্বোচ্চ ১০ হাজার ডলার পাঠাতে পারবেন। প্রতি লেনদেনে এক হাজার ডলার পর্যন্ত পাঠাতে ৪ দশমিক ৯৯ ডলার ফি লাগবে। আর এক হাজার ডলারের বেশি অর্থ পাঠাতে কোনো ফি লাগবে না। সোনালী ব্যাংক, রূপালী ব্যাংক, অগ্রণী ব্যাংক, জনতা ব্যাংক, সোস্যাল ইসলামী ব্যাংক, উত্তরা ব্যাংক, পূবালী ব্যাংক, সিটি ব্যাংক ও ইসলামী ব্যাংকে প্রাথমিকভাবে এই সেবা চালু হচ্ছে।